



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল যোগ্য বাড়ির মালিকদের জন্য জুলাই ও আগস্ট মাসের চরম আবহাওয়া ইভেন্টের জন্য জরুরি মেরামত অনুদান পাওয়ার আবেদন গ্রহণ শুরু করার ঘোষণা করলেন

শ্যাটাকোয়া, ম্যাডিসন, ইরি, ওনিডা, এসেক্স, সারাটোগা, লুইস এবং ওয়ারেন কাউন্টির যোগ্য বাড়ির মালিকেরা 10 – 16 জুলাই, 2024 তারিখের তীব্র আবহাওয়া ইভেন্টের জন্য আবেদন করতে পারবে

অ্যালেগানি, ওসওয়েগো, ডেলাওয়্যার, সেইন্ট লরেন্স, ফ্র্যাঙ্কলিন, স্টুভেন এবং জেফার্সন কাউন্টির যোগ্য বাড়ির মালিকেরা 9 - 10 আগস্ট, 2024 তারিখের ট্রপিক্যাল ঝড় ডেবির অবশিষ্টাংশের জন্য আবেদন করতে পারবে

নাসাউ এবং সাফোক যোগ্য বাড়ির মালিকেরা 18-19 আগস্ট, 2024 তারিখের তীব্র আবহাওয়া ইভেন্টের জন্য আবেদন করতে পারবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে 2024 সালের জুলাই এবং আগস্ট মাসে নিউ ইয়র্ক স্টেটে হওয়া তীব্র ঝড় ও বন্যার দ্বারা প্রভাবিত আয় অনুযায়ী যোগ্য বাড়ির মালিকদের থেকে এখন আবেদন গ্রহণ করা শুরু হয়েছে। হোম এবং কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) পরিচালিত এই কর্মসূচির অধীনে নিচের ক্ষতিগ্রস্ত কাউন্টিসমূহে বসবাস করা ক্ষতিগ্রস্ত বাড়ির মালিকদের জন্য জরুরি বাসা মেরামতের সহায়তা উপলভ্য থাকতে পারে। বাসাকে নিরাপদ, স্যানিটারি এবং বাসযোগ্য করার জন্য প্রয়োজনীয় জরুরি আবাসন মেরামত করার জন্য সর্বোচ্চ 50,000 মার্কিন ডলার তহবিল ব্যবহার করা যেতে পারে। তহবিল শেষ হওয়ার আগ পর্যন্ত আগে আসলে আগে পাবেন ভিত্তিতে অনুদান উপলভ্য করা হবে। 7 অক্টোবর, 2024 পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে।

"পুরো নিউ ইয়র্ক স্টেটে চরম আবহাওয়া ইভেন্টের কারণে মুখ্য ক্ষয়ক্ষতি হওয়ার পর আমরা ক্ষতিগ্রস্ত বাসিন্দাদেরকে প্রয়োজনীয় মেরামত করার জন্য জরুরি সহায়তা প্রদান করছি যাতে তাদের বাসা নিরাপদ ও বাসযোগ্য রাখা নিশ্চিত করা যায়," **গভর্নর হোকল বলেন**, "এইসব ঝড়ে ক্ষতিগ্রস্ত বাড়ির মালিকদের সহায়তা করার জন্য আমার প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে যাতে তারা এইসব বিধ্বংসী ইভেন্ট থেকে পুনরুদ্ধার অব্যাহত রাখতে পারে।"

**HCR এর কমিশনার রুথঅ্যান ভিন্সাউক্সাস বলেন,** "নিউ ইয়র্কবাসীরা এই গ্রীষ্মকালের ঝড়ের ফলে সৃষ্ট ক্ষয়ক্ষতি থেকে পুনরুদ্ধার পাওয়ার চেষ্টা অব্যাহত রেখেছে, এই সময় নিজেদের বাসাকে নিরাপদ ও বাসযোগ্য রাখতে চেষ্টা করা যোগ্য বাড়ির মালিকদের সহায়তা করতে আমরা প্রস্তুত আছি। গভর্নর হোকল এবং আমাদের সম্প্রদায়ের অংশীদারদের কারণে, বাড়ির মালিকদের পুনর্গঠন ও মেরামতের সময় আমাদের অংশীদার ও স্থানীয় সম্প্রদায়সমূহের সাথে কাজ করতে আমরা উন্মুখ।"

যোগ্য বাড়ির মালিকদের মূল বাসস্থানের জন্য তহবিল উপলভ্য থাকবে যেখানে বাসাকে একটি নিরাপদ ও বাসযোগ্য অবস্থায় ফেরত আনার জন্য বীমার আওতা বা অন্যান্য কোনো ধরনের দুর্যোগ পুনরুদ্ধার তহবিল পর্যাপ্ত নয়। কর্মসূচিটি অলাভজনক সংগঠনসমূহের দ্বারা পরিচালিত হবে এবং নিম্নলিখিত কাউন্টিসমূহে কাজ করবে:

**10 – 16 জুলাই, 2024 এর তীব্র আবহাওয়া ইভেন্ট:** যোগ্য কাউন্টি - শ্যাটাকোয়া, ম্যাডিসন, ইরি, ওনিডা, এসেক্স, সারাটোগা, লুইস, ওয়ারেন

**9 - 10 আগস্ট, 2024 এর তীব্র আবহাওয়া ইভেন্ট:** যোগ্য কাউন্টি - অ্যালোগানি, ওসওয়োগো, ডেলাওয়্যার, সেইন্ট লরেন্স, ফ্র্যাঙ্কলিন, স্টুবেন, জেফার্সন

**18-19 আগস্ট, 2024 এর তীব্র আবহাওয়া ইভেন্ট:** যোগ্য কাউন্টি - নাসাউ ও সাফোক

নির্দেশাবলী, পরিচালনাকারী এবং আয়ের যোগ্যতাসহ কর্মসূচি সম্পর্কে আরো তথ্য [HCR ওয়েবসাইটে](#) [ঝড় অনুযায়ী উপলভ্য আছে](#)। পূর্বে অনলাইনে বাড়ির মালিকের জিজ্ঞাসাবাদ ফর্ম পূরণ করা বাড়ির মালিকদের সাথে তাদের নিজ নিজ পরিচালনাকারী যোগাযোগ করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)